## Gas Sector Efficiency Improvement & Carbon Abatement Project [Installation of Smart Prepaid Gas meter for TGTDCL]

বিশ্বব্যাংক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ও তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর অর্থায়নে বাস্তবায়নাধীন "Gas Sector Efficiency Improvement & Carbon Abatement Project [Installation of Smart Prepaid Gas Meter for TGTDCL]" শীর্ষক প্রকল্পের আওতায় কোম্পানির মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (উত্তর), আঞ্চলিক বিপণন ডিভিশন (গাজীপুর) এবং আঞ্চলিক বিপণন ডিভিশন (ময়মনসিংহ) এলাকার আবাসিক শ্রেণির মিটারবিহীন গ্রাহকদের আঙিনায় মোট ১১ লক্ষ স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন করা হবে। প্রকল্পটি জানুয়ারি-২০২৪ হতে ডিসেম্বর-২০২৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ৩১/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় অনুমোদিত হয়। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৫৪২.৭১ কোটি টাকা। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর-২০২৮ এর মধ্যে ১১ লক্ষ স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।



*জাপানিজ ইকোনমিক জোন, আড়াইহাজার, নারায়ণগঞ্জ, এলাকায় সিজিএস নির্মাণ*



*প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প*

## Smart Metering Energy Efficiency Improvement Project (Installation of Prepaid Gas Meter for TGTDCL)

এশিয় উন্নয়ন ব্যাংক (ADB), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি) এর অর্থায়নে বাস্তবায়নাধীন "Smart Metering Energy Efficiency Improvement Project [Installation of Prepaid Gas Meter for TGTDCL]" শীর্ষক প্রকল্পের আওতায় কোম্পানির মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (দক্ষিণ) এবং আঞ্চলিক বিপণন ডিভিশন (নারায়নগঞ্জ) এলাকার গৃহস্থালী শ্রেণির মিটারবিহীন গ্রাহকদের আঙিনায় ৬.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হবে। প্রকল্পটি গত ৩১/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক), এর ২০২৩-২৪ অর্থবছরের ৫ম সভায় অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২২১৪.০৩ কোটি টাকা এবং মেয়াদকাল জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৭ পর্যন্ত। স্মার্ট প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হলে গৃহস্থালী পর্যায়ে ব্যবহৃত গ্যাসের অপচয় রোধ হবে, আবাসিক গ্রাহকদের মধ্যে গ্যাস ব্যবহারে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে গ্যাস ব্যবহার-দক্ষতা বৃদ্ধি ও পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়বে এবং সামগ্রিক গ্যাস সরবরাহ ব্যবস্থায় সিস্টেম লস হ্রাস পাবে। এছাড়া, বকেয়া আদায় সংক্রান্ত জটিলতা দূর হবে বিধায় কোম্পানির পরিচালন ব্যয় হ্রাস পাবে। প্রকল্পের আওতায় ০৪ (চার) জন ব্যক্তি পরামর্শক ও ০১ (এক) টি বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের লক্ষ্যে আগামী মে, ২০২৬ এর মধ্যে ইপিসি ঠিকাদার নিয়োগ সম্পন্ন এবং ডিসেম্বর ২০২৭ এর মধ্যে গ্রাহক আঙিনায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন সম্পন্ন হবে বলে আশা করা যায়।